

বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়

৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০

ফোন : ৯৩৫৭৬৮২

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-ওঃপ্রঃ/প্রশাঃ/২৯/৯০/৬ষ্ঠ খণ্ড/৫১৫

তারিখ : ০৫/১০/২০১৫ খ্রিঃ

বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনের আওতাধীন নিম্নবর্ণিত শূন্য পদগুলো সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে প্রত্যেকটি পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১। সাঁটলিপিকার কাম- কম্পিউটার অপারেটর ৫৫০০-১২০৯৫/-	১	১৮-৩২	ক. স্নাতক ডিগ্রি খ. কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপে সর্বনিম্ন গতি বাংলা ৩০ শব্দ ও ইংরেজি ৩৫ শব্দ এবং সাঁটলিপিতে ১০০ ও ১২০টি শব্দ লিখনের গতিসম্পন্ন হতে হবে। (শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সংরক্ষিত)	
২। সাঁট মুদ্রাক্ষরিক কাম- কম্পিউটার অপারেটর ৫২০০-১১২৩৫/-	১	১৮-৩০	ক. স্নাতক ডিগ্রি খ. কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপে সর্বনিম্ন গতি বাংলা ২৫ শব্দ ও ইংরেজি ৩০ শব্দ এবং সাঁটলিপিতে ৮০ ও ১০০টি শব্দ লিখনের গতিসম্পন্ন হতে হবে।	গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, জামালপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, ময়মনসিংহ, টাঙ্গাইল, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, লক্ষ্মীপুর, জয়পুরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, পাবনা, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, যশোর, মাগুরা, নড়াইল, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, বরগুনা, পটুয়াখালী, হবিগঞ্জ, সুনামগঞ্জ জেলা।
৩। হিসাব নিরীক্ষক (অডিটর) ৪৭০০-৯৭৪৫/-	৩	১৮-৩০	বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পাস।	
৪। অফিস সহায়ক (এমএলএসএস) ৪১০০-৭৭৪০/-	৩	১৮-৩০	অষ্টম শ্রেণী পাস।	মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, টাংগাইল, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, জয়পুরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, সিরাজগঞ্জ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম, নীলফামারী, বাগেরহাট, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, হবিগঞ্জ, মৌলভীবাজার জেলা।

- সর্বশেষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত চাকরির আবেদন ফরম-এর মাধ্যমে আবেদন করতে হবে। এ আবেদনপত্রের ফরমটি বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসনের website: www.waqf.gov.bd হতে ডাউনলোড করা যাবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা ৫x৫ সে.মি. সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ-এর অনুকূলে যে কোনো তফসিলি ব্যাংক হতে ১ থেকে ৩নং ক্রমিকের জন্য ১০০/- টাকা এবং ৪নং ক্রমিকের জন্য ৫০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- আবেদনকারীর বয়স ০৬/১২/২০১৫ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধীদের জন্য সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক কোটা এবং নিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুসরণ করা হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ডাক যোগাযোগের ঠিকানা সম্বলিত ৮'x৪' সাইজের ডাকটিকেটযুক্ত ফেরত খাম সংযুক্ত করে দিতে হবে। আবেদনপত্রে খামের বাম পার্শ্বে নিচে পদের নাম উল্লেখ করতে হবে।
- যে কোনো ধরনের তদবির অথবা সুপারিশ চাকরি প্রার্থীর জন্য অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- আবেদনপত্র ফয়েজ আহমেদ ভূঁইয়া, ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ ৪ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০ এই ঠিকানায় আগামী ০৬/১২/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি জমা দেয়া যাবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ফয়েজ আহমেদ ভূঁইয়া

(অতিরিক্ত সচিব)

ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ

ডিজি-১৮২০/১৫ (১০' x ৩)